# রাজশাহী বিশ্ববিদ্যালয়
## ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে এম.ফিল. ও পিএইচ.ডি. কোর্সে
## ভর্তি বিজ্ঞপ্তি

নং এ- ২৫৫ -৪/৫৬ (২০২২- ২০২৩) তারিখঃ ১৭/০২/২০২২

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অনুষদভুক্ত বিভাগসমূহে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে এম.ফিল. ও পিএইচ.ডি. কোর্সে ভর্তির জন্য আগ্রহী প্রার্থীদের নিকট থেকে প্রাথমিক আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

বিস্তারিত তথ্যসহ পূর্ণ বিজ্ঞপ্তি এবং প্রাথমিক আবেদনপত্র রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **www.ru.ac.bd**-তে পাওয়া যাবে। ওয়েবসাইট থেকে ভর্তির প্রাথমিক আবেদনপত্র সংগ্রহ করে **আগামী ২৬/০৪/২০২২ তারিখের মধ্যে আবেদনপত্র বিভাগে জমা** দিতে হবে। স্নাতক (পাশ) ও স্নাতকোত্তর (পূর্বভাগ ও শেষভাগ) ডিগ্রীধারীরা এম.ফিল./পিএইচ.ডি. কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবেন না। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। আগ্রহী প্রার্থীগণ সংশ্লিষ্ট বিভাগ হতে এম.ফিল. ও পিএইচ.ডি. কোর্সে ভর্তি সংক্রান্ত অন্যান্য শর্তাবলী নিজ দায়িত্বে জেনে নিতে পারবেন।

প্রাথমিক আবেদনপত্রের সাথে সকল পরীক্ষার সনদপত্র ও মার্কস সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। ভর্তির প্রাথমিক আবেদনপত্রে সরবরাহকৃত তথ্যাদি ভুল প্রমাণিত হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

ভর্তির শেষ তারিখ থেকে ১(এক) মাসের মধ্যে আই.সি.টি. সেন্টার, রা.বি-এর মাধ্যমে রেজিস্ট্রেশন করতে হবে। যারা রাজশাহী বিশ্ববিদ্যালয় ব্যাতীত অন্য বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রী প্রাপ্ত হয়েছেন তাদেরকেও মাইগ্রেশন (Migration) সার্টিফিকেট জমা দিয়ে রেজিস্ট্রেশন করতে হবে।

বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক এম.ফিল. কোর্সে ভর্তিপ্রাপ্ত গবেষকগণের মধ্য থেকে প্রতি বিভাগে ১(এক) জনকে মাসিক ৪,০০০/- (চার হাজার) টাকা হারে ২(দুই) বছরের জন্য ফেলোশীপ প্রদান করা হবে। পিএইচ.ডি. গবেষক ও এম.ফিল./পিএইচ.ডি. কোর্সে গবেষণারত চাকুরীজীবিদের বিশ্ববিদ্যালয় হতে কোনও প্রকার ফেলোশীপ প্রদান করা হয় না।

চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে কর্তৃপক্ষের অনুমতি থাকবে হবে। এম.ফিল. কোর্সে গবেষণার জন্য ১(এক) বছর এবং পিএইচ.ডি'র জন্য ২(দুই) বছরের ছুটি পাবেন-এই মর্মে সম্মতিপত্র (নিয়োগকারী কর্তৃপক্ষের) অবশ্যই আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

### (ক) এম.ফিল. প্রোগ্রামে ভর্তির যোগ্যতা

৫। (১) প্রার্থীর অবশ্যই এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষার সনাতন পদ্ধতিতে যে কোনো একটিতে ন্যূনতম প্রথম বিভাগ ও অন্যটিতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ **অথবা** গ্রেডিং পদ্ধতিতে উভয় পরীক্ষার প্রতিটিতে ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ৩.৭৫ থাকতে হবে।

**এবং**

(২) কলা/আইন/সামাজিক বিজ্ঞান/চারুকলা অনুষদভূক্ত বিভাগসমূহ থেকে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে স্মাতক (সম্মান)/অনার্স (সম্মান) এবং স্নাতকোত্তর পরীক্ষার সনাতন পদ্ধতিতে যে কোনো একটিতে নূন্যতম ৫৫% ও অন্যটিতে নূন্যতম ৫০% নম্বর থাকতে হবে। (তবে, কলা অনুষদভূক্ত ইংরেজি বিভাগ থেকে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে উভয় পরীক্ষায় নূন্যতম ৫০% নম্বর থাকতে হবে) অথবা গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৪ স্কেলের মধ্যে উভয় পরীক্ষার একটিতে নূন্যতম সিজিপিএ ৩.২৫% ও অন্যটিতে নূন্যতম সুজিপিএ ৩.০০ থাকতে হবে।

**অথবা**

বিজ্ঞান/বিজনেস স্টাডিজ/জীববিজ্ঞান/কৃষি/প্রকৌশল/ভূ-বিজ্ঞান/ফিশারীজ/ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্সেস অনুষদভুক্ত বিভাগসমূহ থেকে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক (সম্মান)/অনার্স (সমমান) এবং স্নাতকোত্তর পরীক্ষার সনাতন পদ্ধতিতে উভয় পরীক্ষায় ন্যূনতম ৫৫% নম্বর থাকতে হবে **অথবা** গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৪ স্কেলের মধ্যে উভয় পরীক্ষায় ন্যূনতম সিজিপিএ ৩.২৫ থাকতে হবে।

**অথবা**

এমবিবিএস/বিডিএস পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৬০% নম্বর থাকতে হবে। ডিভিএম পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৬০% নম্বর অথবা গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৪ স্কেলের মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকতে হবে।

**অথবা**

(৩) যে সকল প্রার্থীর উপরে বর্ণিত ৫ ধারার উপধারা (১) ও (২)-এর শিক্ষাগত যোগ্যতার কোনো একটি শর্ত পূরণ হয় না, তাঁরা এম.ফিল. প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন, যদি তাঁদের (ক) পাবলিক বিশ্ববিদ্যালয়ে/বেসরকারি বিশ্ববিদ্যালয়ে (বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক অনুমোদিত)/সরকারি কলেজে ৩ (তিন) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা **অথবা** (খ) অনার্স পর্যায়ের বেসরকারি ডিগ্রি কলেজে অনার্স শ্রেণিতে ৩ (তিন) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা **অথবা** (গ) কোনো স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে ৩ (তিন) বছরের গবেষণা কাজের অভিজ্ঞতা এবং সেই সাথে [(গ)-এর ক্ষেত্রে] কোনো স্বীকৃত জার্নালে ন্যূনতম ২টি গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়ে থাকে। শিক্ষা জীবনের কোনো পর্যায়েই ২য় বিভাগ/শ্রেণি/সিজিপিএ ৩.০০ এর কম থাকলে ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন। এই উপধারার অধীনে এম.ফিল. প্রোগ্রামে ভর্তির অনুমতিপ্রাপ্ত প্রার্থীগণ পিএইচ.ডি. প্রোগ্রামে স্থানান্তরিত হতে পারবেন না।

### (খ) পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির যোগ্যতা

৫।(১) প্রার্থীর এম.ফিল. বিধির ৫ ধারার উপধারা (১) ও (২)-এর ভর্তির যোগ্যতাসহ অবশ্যই এম.ফিল./সমমান ডিগ্রি থাকতে হবে। তবে, **রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ এবং রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে এম.ফিল. ডিগ্রীপ্রাপ্তগণ পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য প্রাথমিক আবেদনপত্র জমা দিতে পারবেন।**

**অথবা**

চলমান পাতা/২

(২) প্রার্থীর যদি এম.ফিল. বিধির ৫ ধারায় বর্ণিত ভর্তির যোগ্যতা থাকে এবং তিনি যদি বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন/সরকারি বৃত্তি/বাংলাদেশ একাডেমি অব সায়েন্সেস ফেলোশিপ অর্জন করে থাকেন, তাহলে তাঁরা পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন জমা দিতে পারবেন।

**অথবা**

(৩) এম.ফিল. বিধির ৫ ধারার উপধারা (১) ও (২) এর ভর্তির যোগ্যতাসহ (ক) পাবলিক বিশ্ববিদ্যালয়ে/ বেসরকারি বিশ্ববিদ্যালয়ে (বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক অনুমোদিত)/সরকারি কলেজে ৭ (সাত) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা **অথবা** (খ) অনার্স পর্যায়ের বেসরকারি ডিগ্রি কলেজে অনার্স শ্রেণিতে ৭ (সাত) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা **অথবা** (গ) কোনো স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে ৭ (সাত) বছরের গবেষণা কাজের অভিজ্ঞতা এবং সেই সাথে [(গ)-এর ক্ষেত্রে] কোনো স্বীকৃত জার্নালে ন্যূনতম ৩টি গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়ে থাকলে প্রার্থী পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির প্রাথমিক আবেদনপত্র জমা দিতে পারবেন। তবে, শিক্ষা জীবনের কোনো পর্যায়ে ২য় বিভাগ/শ্রেণি/সিজিপিএ ৩.০০ এর কম থাকলে ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

স্বাক্ষর/-
(মোঃ আকতার হোসেন)
উপ-রেজিস্ট্রার, একাডেমিক শাখা-২
রাজশাহী বিশ্ববিদ্যালয়

নং এ- ২৫৫ (২০০) -৪/৫৬ (২০২২-২০২৩) তারিখঃ ১৭/০২/২০২২

সংশ্লিষ্ট সকলের অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিলিপি প্রেরিত হলো–

১. ডীন, কলা/আইন/বিজ্ঞান/সামাজিক বিজ্ঞান/বিজনেস স্টাডিজ/জীববিজ্ঞান/কৃষি/প্রকৌশল/চারুকলা/ভূ-বিজ্ঞান/ফিশারীজ/ ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্সেস অনুষদ, রা.বি.

২. প্রাধ্যক্ষ, শের-ই-বাংলা ফজলুল হক/শাহ্ মখদুম/নবাব আব্দুল লতিফ/সৈয়দ আমীর আলী/ শহীদ শামসুজ্জোহা/শহীদ হবিবুর রহমান/মতিহার/মাদার বখ্শ/শহীদ সোহরাওয়ার্দী/ শহীদ জিয়াউর রহমান/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান/মন্নুজান/রোকেয়া/তাপসী রাবেয়া/ বেগম খালেদা জিয়া/রহমতুন্নেসা হল/বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা হল, রা.বি.

৩. ওয়ার্ডেন, শহীদ মীর আব্দুল কাইয়ূম ইন্টারন্যাশনাল ডরমেটরি, রা.বি.

৪. সভাপতি, দর্শন/ইতিহাস/ইংরেজি/বাংলা/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/আরবী/ ইসলামিক স্টাডিজ/সঙ্গীত/নাট্যকলা/ ফারসি ভাষা ও সাহিত্য/সংস্কৃত/উর্দু/আইন/আইন ও ভূমি প্রশাসন/গণিত/পদার্থবিজ্ঞান/রসায়ন/পরিসংখ্যান/ প্রাণ রসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান/ফার্মেসী/পপুলেশন সায়েন্স এন্ড হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট/ফলিত গণিত/ শারীরিক শিক্ষা ও ক্রিড়া বিজ্ঞান/ হিসাববিজ্ঞান ও তথ্য ব্যবস্থা/ম্যানেজমেন্ট স্টাডিজ/মার্কেটিং/ফাইন্যান্স/ ব্যাংকিং এন্ড ইনস্যুরেন্স/ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট/অর্থনীতি/রাষ্ট্রবিজ্ঞান/সমাজকর্ম/সমাজবিজ্ঞান/ গণযোগাযোগ ও সাংবাদিকতা/ইনফরমেশন সায়েন্স এন্ড লাইব্রেরী ম্যানেজমেন্ট/লোকপ্রশাসন/নৃবিজ্ঞান/ফোকলোর/ আন্তর্জাতিক সম্পর্ক/ভূগোল ও পরিবেশবিদ্যা/মনোবিজ্ঞান/উদ্ভিদবিজ্ঞান/প্রাণিবিদ্যা/ভূ-তত্ত্ব ও খনিবিদ্যা/ জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি/চিকিৎসা মনোবিজ্ঞান/মাইক্রোবায়োলজি/ এগ্রোনমী এন্ড এগ্রিকালচারাল এক্সটেনশন/ফিশারীজ/ভেটেরিনারিএন্ড এনিমেল সায়েন্সেস/ ক্রপ সায়েন্স এন্ড টেকনোলজি/ এপ্লাইড কেমিস্ট্রি এন্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ ম্যাটেরিয়াল্‌স সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/চিত্রকলা, প্রাচ্যকলা ও ছাপচিত্র/মৃৎশিল্প ও ভাস্কর্য/গ্রাফিক ডিজাইন, কারুশিল্প ও শিল্পকলার ইতিহাস বিভাগ, রা.বি.

৫. পরিচালক, আই.বি.এস/আই.বি.এস-সি/আই.বি.এ/ আই.ই.এস/আই.ই.আর/ইনস্টিটিউট অব ইংলিশ এন্ড আদার ল্যাঙ্গুয়েজেজ/সেন্টার অব এক্সেলেন্স ইন টিচিং এন্ড লার্নিং/ইনস্টিটিউশনাল কোয়ালিটি এ্যাসুরেন্স সেল, রা.বি.

৬. প্রশাসক, জনসংযোগ দপ্তর, রাঃবিঃ
(স্থানীয় এবং জাতীয় খবরের কাগজে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হলো।)

৭. পরিচালক, আই.সি.টি. সেন্টার, রাঃবিঃ
[রা.বি. ওয়েবসাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হলো।]

৮. পরীক্ষা নিয়ন্ত্রক, রাঃবিঃ

৯. ..........................................................................................

স্বাক্ষর/-
(মোঃ আকতার হোসেন)
উপ-রেজিস্ট্রার, একাডেমিক শাখা-২
রাজশাহী বিশ্ববিদ্যালয়